গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সংস্থাপন শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোস্তাফিজুর রহমান. পিএএ<br>বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট। |
| সভার তারিখ | ০৩/১১/২০১৯ খ্রিস্টাব্দ। |
| সভার সময় | বিকাল ০৪.৩০ ঘটিকা। |
| স্থান | বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিস্ট 'ক' সদয় দ্রস্টব্য। |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত ১৫/০৯/২০১৯ তারিখে অনুষ্ঠিত ১ম কোয়ার্টারের সভার কার্যবিবরণী পর্যালোচনা এবং এ বিভাগাধীন জেলা প্রশাসকের কার্যালয়সমূহ হতে প্রাপ্ত ২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় । সভায় বিস্তারিত আলোচনায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন |
|---|---|
| ০১। সভায় এ কার্যালয় ও জেলা প্রশাসকের কার্যালয়সমূহে প্রতি কোয়ার্টারে আবশ্যিকভাবে নৈতিকতা কমিটির সভা আহবান, নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। এ বিভাগাধীন জেলাসমূহ হতে প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করা হয়না। জেলাসমূহকে কার্যবিবরণীসমূহ এ কার্যালয়ে প্রেরণসহ স্ব-স্ব ওয়েবপোর্টালে আবশ্যিকভাবে আপলোডের নির্দেশনা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রশাসক (সকল)<br>ও<br>এ কার্যালয়ের সহকারী কমিশনার (সংস্থাপন) ও (আইসিটি) |
| ০২। সিলেট বিভাগকে ডিজিটাল বিভাগ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে এ কার্যালয় ও এ বিভাগাধীন জেলাসমূহের কর্মকর্তা/কর্মচারীগণকে তথ্য প্রযুক্তি ব্যবহারে পারদর্শী করার জন্য বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রশাসক (সকল)<br>ও<br>এ কার্যালয়ের সহকারী কমিশনার (আইসিটি) |
| ০৩। এ কার্যালয় ও এ বিভাগাধীন জেলা প্রশাসকের কার্যালয়সমূহে ও এ কার্যালয়ের স্ব-স্ব শাখার সিটিজেন চার্টার আপডেট ও সে অনুযায়ী সেবা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রশাসক (সকল)<br>ও<br>এ কার্যালয়ের সকল শাখা কর্মকর্তা |

<table>
<tr>
<td>০৪। সিলেট বিভাগের শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসার নির্বাচনের লক্ষ্যে নিম্নোক্ত কর্মদক্ষতা মূল্যায়ন মানদন্ড নির্ধারণ করা হয়।<br>
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>মানদন্ডসমূহ</th><th>মান/নম্বর</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>ই-নথি কার্যক্রম</td><td>২০</td><td></td></tr>
<tr><td>০২</td><td>সরকারী সম্পদ ব্যবস্থাপনা<br>(হাটবাজার, জলমহাল, উন্নয়নমূলক কার্যক্রম, সার্টিফিকেট মামলা)</td><td>২০</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>সরকারের বিশেষ উদ্যোগসমূহ বাস্তবায়ন</td><td>১৫</td><td></td></tr>
<tr><td>০৪</td><td>৩৩৩ এর মাধ্যমে সেবা প্রদান</td><td>১৫</td><td></td></tr>
<tr><td>০৫</td><td>মোবাইল কোর্ট কার্যক্রম বাস্তবায়ন</td><td>১৫</td><td></td></tr>
<tr><td>০৬</td><td>জেলা প্রশাসকের মূল্যায়ন</td><td>১৫</td><td></td></tr>
<tr><td colspan="2">মোট</td><td>১০০</td><td></td></tr>
</table>
<br>উপরোক্ত মানদন্ডের ভিত্তিতে বিভাগীয় পর্যায়ে প্রতি ৪মাস অন্তর অন্তর এ কার্যালয়ের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) ও পরিচালক (স্থানীয় সরকার) সমন্বয়ে গঠিত বিভাগীয় কমিটি কর্তৃক বাছাইকৃত শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসার-কে পুরষ্কৃত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>নির্ধারিত বিভাগীয় কমিটি<br>ও<br>এ কার্যালয়ের আইসিটি সেল</td>
</tr>
<tr>
<td>০৫। জেলাসমূহ হতে প্রাপ্ত ২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাকালে দেখা যায় জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ হতে অদ্যাবধি কোন বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পাওয়া যায়নি। অতি জরুরী ভিত্তিতে এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণের জন্য জেলা প্রশাসক, হবিগঞ্জ-কে নির্দেশনা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>জেলা প্রশাসক (হবিগঞ্জ)<br>ও<br>এ কার্যালয়ের সহকারী কমিশনার (সংস্থাপন)</td>
</tr>
<tr>
<td>০৬। নির্ধারিত সময়ের মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ আবশ্যিকভাবে এ কার্যালয়ে প্রেরণসহ স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোড করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।</td>
<td>জেলা প্রশাসক (সকল)<br>ও<br>এ কার্যালয়ের সহকারী কমিশনার (সংস্থাপন)</td>
</tr>
<tr>
<td>০৭। জেলাসমূহে ২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোড নেই (সিলেট জেলায় আপলোডকৃত কিন্তু সংশ্লিষ্ট সেবাবক্সে নয়, যা একদৃষ্টে দৃশ্যমান নয়)। অতি জরুরী ভিত্তিতে স্ব-স্ব জেলার প্রতিবেদন শুদ্ধাচার সেবাবক্সে ওয়েব পোর্টালে আপলোডের জন্য নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>জেলা প্রশাসক (সকল)<br>ও<br>এ কার্যালয়ের সহকারী কমিশনার (সংস্থাপন)</td>
</tr>
<tr>
<td>০৮। এ কার্যালয় ও এ বিভাগাধীন জেলাসমূহের শুদ্ধাচার সেবাবক্সে শুদ্ধাচার পুরস্কার আইকনে বিগত অর্থ-বছরসমূহের শুদ্ধাচার পুরস্কার কমিটির সভার কার্যবিবরণী স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোডের জন্য নির্দেশনা প্রদান করা হয়।</td>
<td>জেলা প্রশাসক (সকল)<br>ও<br>এ কার্যালয়ের সহকারী কমিশনার (সংস্থাপন)</td>
</tr>
<tr>
<td>০৯। এ কার্যালয় ও এ বিভাগাধীন জেলাসমূহের স্ব-স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্সসহ, তথ্য অধিকার সেবাবক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স নিয়মিত হালনাগাদ ও নির্ধারিত সেবাবক্সে সংশ্লিষ্ট তথ্য আপলোড করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।</td>
<td>জেলা প্রশাসক (সকল)<br>ও<br>এ কার্যালয়ের সহকারী কমিশনার (আইসিটি)</td>
</tr>
<tr>
<td>১০। এ বিভাগাধীন জেলা প্রশাসকগণ ২০১৮-১৯ অর্থ-বছরের প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও এর বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় প্রমাণক আবশ্যিকভাবে আগামী ১৪/১১/২০১৯ তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে এ কার্যালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>জেলা প্রশাসক (সকল)<br>ও<br>এ কার্যালয়ের সহকারী কমিশনার (সংস্থাপন)</td>
</tr>
</table>

| | |
|---|---|
| ১১। এ কার্যালয় ও এ বিভাগাধীন জেলাসমূহের কর্মকর্তা/কর্মচারীগণকে ২০১৯-২০ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল পুরস্কার প্রাপ্তির লক্ষ্যে পুরস্কার প্রাপ্তির সূচকসমূহ সম্পর্কে অবগত ও উদ্বুদ্ধ করার নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রশাসক (সকল)<br>ও<br>এ কার্যালয়ের সহকারী কমিশনার (সংস্থাপন) |
| ১২। পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০১৯-২০ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে আবশ্যিকভাবে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রশাসক (সকল)<br>ও<br>এ কার্যালয়ের সহকারী কমিশনার (নেজারত) |
| ১৩। জেলা প্রশাসকগণ পুরস্কারের মানদন্ড নির্ধারণ করে তাঁর কার্যালয়ের অতিরিক্ত জেলা প্রশাসকগণ, উপ-পরিচালক, স্থানীয় সরকার সমন্বয়ে গঠিত কমিটির মাধ্যমে তাঁর জেলার ০১ জন শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসার-কে পুরস্কৃত করবেন। | জেলা প্রশাসক (সকল) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মোস্তাফিজুর রহমান. পিএএ
বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৪.১৬.০২২.১৭.৬৯৯

তারিখ: ২৬ কার্তিক ১৪২৬
১১ নভেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৪) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৫) পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৬) সিনিয়র সহকারী কমিশনার, রাজস্ব শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৭) কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৮) সহকারী কমিশনার, সাধারণ শাখা-১, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৯) সহকারী কমিশনার, সাধারণ শাখা-২ , বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
১০) সহকারী কমিশনার, নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
১১) সহকারী কমিশনার, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
১২) সহকারী কমিশনার, পরিদর্শন ও মূল্যায়ন সেল সমন্বয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
১৩) উচ্চমান সহকারী, গোপনীয় শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
১৪) জেলাপ্রশাসক (সকল, সিলেট বিভাগ)

মোঃ মোস্তাফিজুর রহমান. পিএএ
বিভাগীয় কমিশনার